শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-০২

তারিখ: ২৬ পৌষ ১৪৩০
১০ জানুয়ারি ২০২৪

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের জানুয়ারি ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ১৮-০১-২০২৪ খ্রিঃ তারিখ রোজ- বৃহস্পতিবার, সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

১৫/০১/২০২৪
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**বিতরণ : কার্যার্থে :**

১। ..............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ......................................................, (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ...................................................................।

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-০২

তারিখ: ২৬ পৌষ ১৪৩০
১০ জানুয়ারি ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস/জানুয়ারি ২০২৪

উপস্থিত উপদেষ্টা মন্ডলী:

১. ~~জনাব হাফিজ উদ্দীন আহমেদ~~
মাননীয় জাতীয় সংসদ সদস্য-এ, ঠাকুরগাঁও-৩ →

২. জনাব মো: ইকরামুল হক, মেয়র, পীরগঞ্জ পৌরসভা →

৩. জনাব সুকুমার রায়, ভাইস চেয়ারম্যান, উপ: পরি: →

৪. জনাব ভারতী রানী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান, উ: প: →

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর:

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি. →

২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ.পি. →

৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. →

৪. চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. →

৫. চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ.পি. →

৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. →

৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. →

৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. →

৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. →

১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি. →

তারিখ: ১৮-০১-২০২৪ খ্রি:
সময়: ১১-০০টা।

উপস্থিত কর্মকর্তা ও সদস্যবৃন্দের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- |
| ১. | লায়লা আরজুমান বেগম, অতিরিক্ত কৃষি অফিসার | [signature] |
| ২. | মো: খালেদ মোশাররফ SUFO | [signature] |
| ৩. | মো: হাবিবুল ইসলাম- UEO | [signature] |
| ৪. | মো: বাবির হোসেন (URDO) | [signature] |
| ৫. | মো: জিয়াউল হক্কানী- (UCF) | [signature] |
| ৬. | সুস্মিতা গুপ্ত, AP, DoICT | [signature] |
| ৭. | মো: মেহেদী হাসান, SAE, DPHE | [signature] |
| ৮. | মো: ফারুক হোসাইন পরিসংখ্যান কর্মকর্তা – | [signature] |
| ৯. | দেলোয়ারা পারভীন, সহ. পরিবার কল্যাণ কর্মকর্তা | [signature] |
| ১০. | মির্জা মনোয়ার হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা – | [signature] |
| ১১. | ডা: মো: মাহফুজুল ইসলাম উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা। | [signature] |
| ১২ | আলমগীর মো: রুহুল ইসলাম সহকারী প্রোগ্রামার, বঙ্গবন্ধু কেন্দ্র | [signature] |
| ১৩, | আহমেদ হোসেন উপজেলা সমবায় কর্মকর্তা | [signature] |
| ১৪। | মোছা: জিন্নাতুন ইয়াসমিন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] 18.01.24 |
| ১৫। | মোছা: মুনি আক্তার তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র পীরগঞ্জ – | [signature] 18-01-24 |
| ১৬। | মো: জাহাঙ্গীর আলম, P.I.O | [signature] 18.1-24 |
| ১৭। | মো: রাজি বাবু, SAE, LGED | [signature] 18/01/24 |
| ১৮। | মো: আ: সালাম ফারুক মাহিম | – আ: সালাম |
| ১৯। | মো: আনারুজ্জামান, উপজেলা নি. অফিসার – | [signature] |
| ২০। | ডা: রবীন্দ্র চন্দ্র সিং, ULO | [signature] |
| ২১। | ডা: মো: আব্দুর রহমান মোল্লা, RMO | [signature] |
| ২২। | মো: আনোয়ারুল ইসলাম- UAS, USEO, Pirganj | [signature] 18/01/24 |
| ২৩। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা – | হাবিবুর রহমান |
| ২৪। | এস. এম. জসীম উদ্দিন, ইউডিএ – | [signature] |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও'র জানুয়ারি ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ১৮-০১-২০২৪ খ্রিঃ

**সময়** ঃ সকাল ১১:০০ টা।

**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'**- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'খ'**- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'গ'**- ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) অবশিষ্ট প্রকল্পসমূহ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা - ২ শাখার স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৫. ২০.০০২.২৩-৭৮ তারিখঃ ২৩ জানুয়ারি ২০২৪ খ্রিঃ মোতাবেক ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলার বাবদ ২৫.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে।<br>তিনি আরও জানান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. ভবন সংশোধনী মেরামত বাবদ ১০,০০,০০০/- টাকা।<br>তিনি আরও জানান, ইউজিডিপি'র আওতায় পীরগঞ্জ উপজেলার মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহ উপ-প্রকল্পের (২০২১-২০২২-৫৫৯৪৮২-০৩) কাজ ঠিকাদার তালুকদার প্লাস্টিক লিমিটেড কর্তৃক সম্পন্ন করা হয়েছে। বিধি মোতাবেক ঠিকাদার/সরবরাহকারি প্রতিষ্ঠানকে ১ম ও চূড়ান্ত বিল প্রদান করা প্রয়োজন। অত:পর তিনি অনুমোদনের জন্য সভায় বিল উপস্থাপন করেন। যা, বিস্তারিত **পরিশিষ্ট - 'গ'**- তে দেখানো হলো। | ১) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সামনে ইউনি ব্লক সড়ক নির্মাণ, উপজেলা পরিষদের অডিটোরিয়াম মেরামত ও রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২) পীরগঞ্জ উপজেলার ইউজিডিপি'র আওতায় মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহ উপ-প্রকল্পের (২০২১-২০২২-৫৫৯৪৮২-০৩) কাজের ১ম ও চূড়ান্ত বিল অনুমোদন করা হলো। বিস্তারিত **পরিশিষ্ট - 'গ'**- তে দেখানো হলো। | ১) উপজেলা পরিষদ<br>২) উপজেলা নির্বাহী অফিসার<br>৩) উপজেলা প্রকৌশলী পীরগঞ্জ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৬৮৭ জন, বহি: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৩,৯৩৫ জন, অন্ত: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৯২৪ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৭০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৫০৪ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১৫৪ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৮ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। | অবৈধভাবে গড়ে উঠা লাইসেন্সবিহীন ডায়গনিষ্টিক সেন্টার/ঔষধের দোকান/ক্লিনিকগুলিতে অভিযান চালানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) সহকারী কমিশনার (ভূমি)<br>২) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ। |

<table>
<tr>
<td>০৩</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</td>
<td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ<br>(১) সক্ষম দম্পতি- ৫০,৯৯৬ জন, (২) মোট গ্রহণকারী- ৪০,৫৫৩ জন, (৩) খাবার বড়ি - ২২,৮৫৩ জন (৪) কনডম- ২,১৪৫ জন (৫) ইনজেকটেবল (ভায়াল)- ৮৩১১ (৬) আইইউডি- ৩৩ (৭) ইমপ্ল্যানন- ১০৭ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০১ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০২ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৭,০৫৪ জন (১১) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.৫২% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)।</td>
<td>শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td>
<td>১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,<br>২) উপজেলা প্রকৌশলী<br>৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>উপজেলা কৃষি বিভাগ</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>ফসলের নাম</th><th colspan="2">লক্ষ্যমাত্রা হেঃ</th><th>অর্জিত হেঃ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>বোরো ধান- ১২৩০০ হেঃ</td><td colspan="2">বীজতলা-হাইব্রিড- ১৯২ হেঃ<br>উফশী- ৩৭৫ হেঃ<br>মোট- ৫৬৭ হেঃ</td><td>বীজতলা- হাইব্রিড-৯৯ হেঃ<br>উফশী-৩৬৯ হেঃ<br>মোট-৪৬৮ হেঃ</td><td>চলমান</td></tr>
<tr><td></td><td></td><td>কর্তন</td><td>ফলন</td><td>উৎপাদন</td><td></td></tr>
<tr><td>২</td><td>আলু</td><td>১৮৮</td><td>১৯.৩৬</td><td>৩৬৪০</td><td rowspan="4">চলমান</td></tr>
<tr><td>৩</td><td>পেঁয়াজ</td><td>২০</td><td>৭</td><td>১৪০</td></tr>
<tr><td>৪</td><td>শীতকালীন শাকসবজি</td><td>১০৬০</td><td>২৪.০</td><td>২৫৪৪০</td></tr>
<tr><td>৫</td><td>মরিচ</td><td>৪৯</td><td>২</td><td>৯৮</td></tr>
</table>
উল্লেখ্য যে, পীরগঞ্জ উপজেলায় রবি মৌসুমে ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছররে রবি ফসলের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। চলমান শৈত প্রবাহ কারণে বোরো বীজতলা কোল্ডইনজুরি, সরিষার অল্টারনেরিয়াব্লাইট, আলুর মড়ক রোগ দমনে মাঠ পর্যায়ে কৃষি বিভাগ উঠান বৈঠক ও লিফলেট বিতরণ এবং পরামর্শ প্রদান করে যাচ্ছে। খামার যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরে ৫০% ভর্তুকি মূল্যে যন্ত্র ক্রয়ের ৭ টি কম্বাইন্ড হারভেষ্টা বরাদ্দ পাওয়া গেছে। অদ্য সময়ে বিতরণ করা হইবে। এডিপি হতে উপ-প্রকল্পের বরাদ্দ নেয়ার অনুরোধ করা হলো।<br>উল্লেখ্য যে, সার ব্যবস্থা সঠিকভাবে পরিচালনা ও মনিটরিং এর লক্ষ্যে উপজেলার সকল কৃষকের মাটির স্বাস্থ্য সুরক্ষা কার্ড প্রদান করা হয় । প্রথমিক পর্যায়ে ২০,০০০ টি কার্ড ইউনিয়ন পর্য়ায়ে সংশ্লিষ্ট উপসহকারী কৃষি আফিসার এর মাধ্যমে বিতরণ করা হয়। প্রতি ইউনিয়নে কার্ড বিতরণ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>১। গবাদি পশুর চিকিৎসা = ৩,৭০৪ টি<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা = ২০,১৬৯ টি<br>৩। গবাদি পশুর টিকা প্রদান = ১,২০০ টি<br>৪। হাঁস- মুরগীর টিকা প্রদান = ৩০,০০০ টি<br>৫। কৃত্রিম প্রজনন = ২,৩৯৪ টি<br>৬। খামারী প্রশিক্ষণ = ৩৩০ জন<br>৭। উঠান বৈঠক = ০৫ টি<br>৮। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প প্রদান = ০১<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন = ১০ টি। | প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধি করতে হবে এবং নিয়মিতভাবে কৃমিনাশক ও ভ্যাক্সিনেশন ক্যাম্পেইন পরিচালনা করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২৪ খ্রিঃ মাসে ২০ (বিশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০৫ (পাঁচ) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। তিনি আরও জানান যে, শীতকালে মাছকে অতিমাত্রায় ঠান্ডা (Cold Shock) থেকে রক্ষার জন্য পুকুরের পানির গভীরতা বৃদ্ধি (০৬ ফুট) করতে হবে। পাশাপাশি সার প্রয়োগ বন্ধ রাখতে হবে এবং সূর্যালোকে পুকুরের পানি গরম হলে সীমিত মাত্রায় (মাছের দেহের ওজনের ১-২%) ভাসমান পিলেট খাদ্য প্রয়োগ করতে হবে। মাছ না খেলে পুকুরে খাদ্য প্রয়োগ করা যাবে না। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) কর্তৃক বিল/জলাশয় পুনঃখনন/সংস্কার ও নালা খননের (Drainage System) মাধ্যমে যাতে বিল তথা প্রাকৃতিক জলাশয়ের মাছ/জলজ জীববৈচিত্র্য (Fish/Aquatic Biodiversity) এবং জলজ বাস্তুতন্ত্র (Ecosystem) যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ভারসাম্যপূর্ণ/ টেকসই উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। চেয়ারম্যান, সৈয়দপুর ইউনিয়ন মাছের গুণগতমানের পোনা প্রাপ্তি বিষয়ে কথা বলেন। সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার ও নিবন্ধিত প্রতিষ্ঠিত বেসরকারি মৎস্য হ্যাচারি থেকে মাছের গুণগতমানের রেণু পোনা/চারা পোনা সংগ্রহের পরামর্শ দেয়া হয়। মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল/অবকাঠামো (Fixed Engine) অপসারণ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, একাদশ ও আলিম পর্যায়ে উপবৃত্তিতে অর্ন্তভূক্ত করার জন্য আবেদনসমূহ অনলাইনে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট-এ প্রেরণ করা হয়েছে। ২০২৪ সালের এবতেদায়ী, দাখিল, মাধ্যমিক ও ভোকেশনাল শাখার সকল পাঠ্যপুস্তক পাওয়া গেছে এবং বিতরণ প্রায় সম্পন্ন হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা মোতাবেক নতুন কারিকুলাম অনুযায়ী বিদ্যালয়ে বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নেওয়ার জন্য পত্র প্রদান করা হয়েছে ও নির্দেশনা মোতাবেক অত্র কার্যালয়ে কর্মকর্তাবৃন্দ পরিদর্শন করছেন এবং গুগল ফর্ম লিংকের মাধ্যমে তথ্য আপলোড কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রতিষ্ঠান প্রধান ও সহকারি প্রধানদের নতুন কারিকুলাম বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে তালিকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, চলমান শৈত্য প্রবাহের করাণে আবহাওয়ার তাপমাত্রা ১০ ডিগ্রি সেলসিয়াসের নিচে নামলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের মাধ্যমে বিভাগীয় উপপরিচালক মহোদয়ের অনুমোদন নিয়ে বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম বন্ধ করার নির্দেশনা পাওয়া গেছে। ২০২৪ শিক্ষাবর্ষের নতুন বই বিতরণ শতভাগ কার্যক্রম সম্পন্ন হয়েছে। বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম চলমান আছে। প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল ব্যক্তিবর্গকে প্রাথমিক বিদ্যালয়ের মানোন্নয়নে বিদ্যালয় পর্যবেক্ষণ করে বিদ্যালয় কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহের তালিকা ইউনিয়ন কমিটিতে প্রেরণ করা হয়েছে। তিনি সংশ্লিষ্ট ইউ.পি. চেয়ারম্যানগণকে তালিকা অনুমোদন গ্রহণ পূর্বক উপজেলা কমিটিতে প্রেরণের অনুরোধ জানান।<br>তিনি আরও জানান, ইতোমধ্যে সমাজসেবা কার্যালযে ০৬ জন ইউনিয়ন সমাজকর্মী যোগদান করেছেন। তাদের বসার জায়গা নাই। তিনি এ বিষয়টির জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আর্কষণ করেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | ১) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১০ | পুলিশ বিভাগ | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ । |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>**পীরগঞ্জ :**<br>চাল আমন ২০২৩-২৪: ২২২৪.৬৫০ মে:টন, চাল বোরো ফলিত ২০২৩: ২৩২৭.৭০৩ মে:টন। সর্বমোট চাল ৪৫৫২.৩৫৩ মে: টন, গম আমদানিকৃত ৮৩.৮৭৭ মে:টন, ধান আমন ৬৩.০০০ মে:টন ও সর্বমোট খালি বস্তা ৩১,৫৩২ খানা।<br>**ভোমরাদহ :**<br>চাল বোরো ২০২৩: ৫৯৫.৫৬৩ মে:টন, চাল আমন ২০২৩-২৪: ১৯১.৯৪০ মে:টন। সর্বমোট চাল ৭৮৭.৫০৩ মে: টন ও সর্বমোট খালি বস্তা ৯,৩৯২ খানা। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ। |
| ১২ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ খ্রি: অর্থ বছরের ১ম পর্যায়ের টিআর, কাবিখা/কাবিটা প্রকল্পের কার্যক্রম শতভাগ শেষ হয়েছে। ২য় পর্যায়ের টিআর, কাবিখা/কাবিটা প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। ৪০ দিনের কর্মসূচির ১ম পর্যায়ের কার্যক্রম শেস হয়েছে। ২ কি:মি: এইচবিবি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। শীত বস্ত্র (কম্বল) ৬,১৯০ টি বরাদ্দ পাওয়া গিয়েছিল, যা যথাসময়ে ইউ.পি. চেয়ারম্যান ও উপজেলা প্রশাসনের মাধ্যমে বিতরণ করা হয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন ঃ<br>**ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম :** এই কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী মোট ২৫৫৮ জন। ডিসেম্বর/২০২৩ মাসে খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জানুয়ারি/২০২৪ মাসের ডিও প্রদান করা হবে।<br>**মা ও শিশু সহায়তা তহবিল :** ২০২৩-২০২৪ অর্থবছরের "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচির আওতায় জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/ ২০২৩ পর্যন্ত ০৬ মাসের মোট ৪৩৮ জন ভাতাভোগীর ডাটাএন্ট্রি সম্পন্ন হয়েছে।<br>**মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম :** মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম এর আওতায় মোট ৩২১ জন মহিলাকে ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৭৪%। ২০২২-২০২৩ অর্থবছরে ১০ জন ঋণ গ্রহিতাকে ৪,২০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। ঋণ আদায়ের হার ১০০%।<br>**মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (ডব্লিউ) :** "আধুনিক দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী" ট্রেডে জানুয়ারি/২৪ হতে মার্চ/২৪ পর্যন্ত ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>**কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প :** অত্র উপজেলায় ১১ টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ৪র্থ (চতুর্থ) ব্যাচে নতুন ক্লাব সদস্য ভর্তি করা হয়েছে। প্রতি ক্লাব সদস্যদের ৩০ টাকা হারে পুষ্টিকর/ স্বাস্থ্যসম্মত নাস্তা সরবরাহ করা হচ্ছে।<br>**উঠান বৈঠক/আলোচনা সভা :** যৌতুক, বাল্যবিবাহ, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ। |

<table>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগ</td>
<td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপঃ সহকারি প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ খ্রিঃ অর্থ বছরের PEDP-4 প্রকল্পের আওতায় ২১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOCK নির্মাণ কাজ। ৫ম ধাপে মুজিব-১০০ প্রকল্প থেকে ২০টি অগভীর তারা নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের PSWSC প্রকল্পের আওতায় ২৬০ টি অগভীর নলকূপের মধ্যে ২২০ টি ৬নং হ্যান্ড পাম্পযুক্ত অগভীর নলকূপ স্থাপন কাজ এবং ৪০ টি ৬নং হ্যান্ড পাম্পযুক্ত অগভীর তারা নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৯৩ টি। ইতিমধ্যে ২০২২-২০২৩ সালের বার্ষিক আডিট সম্পন্ন হয়েছে ৬০টি। বিগত মাসে ৪৮ টি বর্তমান মাসে ১২ টি মোট ৬০ টি সমিতি অডিট সম্পন্ন হয়েছে। সমিতির তদারকী কার্যক্রম নিয়মিত করা হচ্ছে। প্রতি মাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলির ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ২০ টি সমিতির নির্বাচন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে। উপজেলার বর্তমান বৎসরে ২৮ টি সমবায় সমিতি নির্বাচন অনুষ্ঠিতহবে। বর্তমান অর্থ বছরে (২০২১-২২) অডিট ফি (রাজস্ব) ১১১৬০০/-টাকা এবং সরকারি ভ্যাট ১৬,৭৪৮/- টাকা। সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ১,৭৭,৫৫৩/- টাকা অনলাইন ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারিতি চলছে। এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ-২ পকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত ১৫,৬৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় আসল ০০ টাকা এবং সার্ভিজ চার্জ ০০ টাকা। মোট আসল আদায় ১০,০১,০৯৬/- টাকা এবং সাভির্স চার্জ ৮১,৯১১/- টাকা। অনাদায়ী টাকা আদায়ের জোড় প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৬৫%।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><td>চলতি আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরের আদায়</td><td>১২,৪৯,৯৫৩/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়</td><td>১৬,৮৪,৯৫৩/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণ বিতরণ</td><td>১৯,৪১,০০০/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণির সংখ্যা</td><td>৫৪ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ</td><td>১৬,১৭,৯২,৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণির সংখ্যা</td><td>২৯,৫২০ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>২৪০ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৯,৬৮৩ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে আত্নকর্মি</td><td>৫৪ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আত্নকর্মি</td><td>৪,৭৭৫ জন</td></tr>
</table>
এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
</table>

<table>
<tr><td>১৭</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>১। ১টি অস্থায়ী ফসলের হিসাব নিরুপন ।<br>২। ১টি স্থায়ী ফসলের হিসাব নিরুপন ।<br>৩। আমন ফসরের আনুমানিক হিসাব এর তথ্য সংগ্রহ ।<br>৪। আমন ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরিপ ২জন কৃষকের সাক্ষাৎকারের ভিত্তিতে ।<br>৫। গম,আলু ফসলের ১ম পূর্বাভাস জরিপ ।<br>৬। মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ ১০ জন কৃষক অথবা কৃষি দিনমজুর সাক্ষাৎকারের ভিত্তিতে।<br>এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভূত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভূত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভূত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫২.৭৭</td><td>১.০০</td><td>১২৫.৬২</td><td>১৪০.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৬৭.৩৭</td><td>-</td><td>৫৭.৯৩</td><td>৪৪.৩২</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>-</td><td>২২.৫০</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৪৫.৯৫</td><td>১.০০</td><td>২০৮.২৭</td><td>২০২.৬৩</td><td>৯২%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা বন বিভাগ</td><td>উপজেলা বন (ভারপ্রাপ্ত) কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>এসএফপিসি, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২০</td><td>উপজেলা বরেন্দ্র বিভাগ</td><td>উপজেলা সহকারি প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে মোট ২৬৫ টি সেচ যন্ত্র মাঠে ব্যবহার হচ্ছে। এর মধ্যে গভীর নলকূপ ২১৩ টি, বিদ্যুৎ চালিত এলএলপি ৩৭ টি এবং সোলার এলএলপি ১৬ টি। বিএমডিএ এর সেচের আওতায় প্রায় ২,৭২৫ হেক্টর জমিতে রবি মৌসুমের বিভিন ফসল রয়েছে। উপকারভোগী কৃষক পরিবার রয়েছে প্রায় ৮,২২৫ টি। আসন্ন মৌসুমে সেচ যন্ত্রগুলি পরিচালনার নিমিত্তে বিভিন্ন সংস্কার কাজ চলমান রয়েছে। সর্বপরি বিএমডিএ, পীরগঞ্জ উপজেলা পরিচালিত সেচ পরিস্থিতি স্বাভাবিক এবং সন্তোষজনক রয়েছে। তিনি আরও জানান যে, "বৃহত্তর দিনাজপুর ও জয়পুরহাট জেলায় সেচ সম্প্রসারণ প্রকল্পের আওতায় সোনাকুড়ি বিলের পানি নিস্কাশন কাজ শেষ হয়েছে। প্রকল্পটির অন্যান্য কার্যক্রমের মধ্যে চারটি সরকারি পুকুর খননের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। জাবরহাট ইউনিয়নের পাঁচটি বিলের জলাবদ্ধতা দূরীকরণ পূর্বক বিলগুলিকে আবাদের আওতায় আনার জন্য প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয় বরাবরে পাঠানো হয়েছে এবং এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ব্যাক্তিগতভাবে যোগাযোগ অব্যাহত রেখেছেন। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে।</td><td>সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, "অপারেশন সুরক্ষিত যাতায়াত" অপারেশন কার্যক্রম সারা বাংলাদেশে রেল লাইন রক্ষায় কার্যক্রম চলমান রয়েছে। সারা বাংলাদেশে মোট ১৩,০০০ জন আনসার ভিডিপি সদস্য দায়িত্ব পালন করছেন। পীরগঞ্জে ১৮ কি:মি: রেলপথে ১০ টি পয়েন্টে ৭৮ জন আনসার ভিডিপি সদস্য সার্বক্ষণিক দায়িত্ব পালন করছেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২২ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু, সুন্দর ও উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। রিভাইজিং অথোরিটির মাধ্যমে ভোটার তালিকা হালনাগাদ-২০২৪ এর কার্যক্রম চলমান রয়েছে। পীরগঞ্জ উপজেলার দশটি ইউনিয়ন ও একটি পৌরসভার যাদের জন্ম তারিখ ০২-০১-২০০৫ থেকে ০১-০১-২০০৬ পর্যন্ত তাদের ছবিসহ খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। জেলা পরিষদের চেয়ারম্যান শূণ্য পদের নির্বাচন আগামী ০৯ মার্চ, ২০২৪ তারিখ নির্ধারণ করা হয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২৩ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |
| ২৪ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয় | সহকারি প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সভায় জানান যে, "ওমেন ই- কমার্স প্রফেশনাল" প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ছয় (০৬) মাস ব্যাপী প্রশিক্ষণটি ইতোমধ্যে তিন (০৩) মাস অতিক্রম করেছে। ২৫ জন নারী প্রশিক্ষণার্থীদের আগামী ফেব্রুয়ারি মাসে ২৫ টি ল্যাপটপ প্রদান করা হবে।<br>তিনি আরোও জানান যে, কিছু দপ্তর ব্যতীত অধিকাংশ দপ্তরের পোর্টাল ১০০% হালনাগাদ নেই। ১০০% হালনাগাদ রয়েছে এমন দপ্তর সংখ্যা ০৬ টি। ৭১% -৯৯% হালনাগাদ রয়েছে এমন দপ্তর সংখ্যা ৩৩ টি। ৫১%-৭০% হালনাগাদ রয়েছে এমন দপ্তর সংখ্যা ০১ টি। ৫০% এর নীচে হালনাগাদ রয়েছে এমন দপ্তর সংখ্যা ০৪ টি। দপ্তর প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে তিনি জানান যে, স্ব স্ব দপ্তরের পোর্টাল হালনাগাদ নিশ্চিত করা অতীব জরুরী। এ সংক্রান্ত যে কোন সমস্যার সমাধানকল্পে উপজেলা আইসিটি অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে উল্লেখ করেন । | অতি শীঘ্রই সকল দপ্তরের পোর্টাল ১০০% হালনাগাদ করতে হবে। | ১) দপ্তর প্রধান (সকল)<br>২) সহকারি প্রোগ্রামার, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ** | ইউডিএফ সভায় জানান যে, উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল তথ্য সমৃদ্ধকরণ ও হালনাগাদকরণের জন্য স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক জরুরী ভিত্তিতে ওয়েব পোর্টালে তথ্য আপলোড করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সহকারি প্রোগ্রামার ও সি.এ. প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে পারেন। ইতিমধ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ডকুমেন্টস স্ক্যান করা সম্পন্ন হয়েছে। তাই, আগামী ২৫-০১-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে প্রয়োজনীয় সকল তথ্য আপলোড করার অনুরোধ জানান। | উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল তথ্য সমৃদ্ধকরণ ও হালনাগাদকরণের প্রয়োজনীয় উদ্যোগ অতি শীঘ্রই গ্রহণ করতে হবে। | **উপজেলা পরিষদ, পীরগঞ্জ।** |
| ২৬ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স** | স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স'র প্রতিনিধি সভায় জানান যে, গত মাসে পীরগঞ্জ উপজেলায় মোট আগুনের সংখ্যা- ০৫ টি। আনুমানিক ক্ষতির পরিমাণ ২০,০০০/-, আনুমানিকউদ্ধারের পরিমাণ ১,৫০,০০০/-। মোট দূর্ঘটনা ০৯ টি, মোট আহত ১২ জন, নিহত নাই। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা হচ্ছে। | আগুন প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে। | **স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পীরগঞ্জ।** |
| ২৭ | **তথ্যসেবা কেন্দ্র** | তথ্যসেবা আপা সভায় জানান যে, ডোর টু ডোর ৭৫০ জন সেবাগ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রে ৩৮ জনকে সেবা প্রদান করা হয়েছে। মোট ০৩ টি উঠান বৈঠকের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তথ্যকেন্দ্রের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **উপজেলা তথ্যসেবা আপা, পীরগঞ্জ।** |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু, সুন্দর ও উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। এজন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারি বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আখতারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-০৪(৫০)

তারিখ: ০৪ মাঘ ১৪৩০ / ১৮ জানুয়ারি ২০২৪

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা........................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,........................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,.......................................................।

(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

পরিশিষ্ট - 'গ'

## জানুয়ারি ২০২৪ খ্রিঃ মাসের উপজেলা মাসিক সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশ :

ইউজিডিপি'র আওতায় "পীরগঞ্জ উপজেলার মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহ উপ-প্রকল্পের (২০২১-২০২২-৫৫৯৪৮২-০৩) কাজ ঠিকাদার তালুকদার প্লাস্টিক লিমিটেড কর্তৃক সম্পন্ন করা হয়েছে। বিধি মোতাবেক ঠিকাদার/সরবরাহকারি প্রতিষ্ঠানকে ১ম ও চূড়ান্ত বিল প্রদান করা প্রয়োজন। অত:পর তিনি অনুমোদনের জন্য সভায় বিল উপস্থাপন করেন:

| উপ-প্রকল্পেরনাম | আইডি নম্বর | মোট বাজেট (ভ্যাট, ট্যাক্স ব্যতীত) | আইটি (৩%) | ভ্যাট (১৫%) | মোট বাজেট (ভ্যাট, ট্যাক্সসহ) |
|---|---|---|---|---|---|
| পীরগঞ্জ উপজেলার মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহ | INF-২০২১-২০২২-৫৫৯৪৮২-০৩ | ১৩৪২০১২.০০ | ৪৯০৯৮.০০ | ২৪৫৪৯০.০০ | ১৬,৩৬,৬০০.০০ |
| **মোটঃ ষোল লক্ষ ছত্রিশ হাজার ছয়শত টাকা মাত্র** | | **১৩৪২০১২.০০** | **৪৯০৯৮.০০** | **২৪৫৪৯০.০০** | **১৬,৩৬,৬০০.০০** |

উক্ত বিষয়ে সকলে বিস্তারিত আলোচনা করেন এবং বিল অনুমোদন প্রদান করা হয়। প্রয়োজনীয় ডকুমেন্টস তৈরী করে চূড়ান্ত অনুমোদনের জন্য জরুরী ভিত্তিতে বিল ইউজিডিপি'র ঢাকা অফিসের প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহিত হলো।